



କାଲେର କର୍ତ୍ତା

କାଲେର କର୍ତ୍ତ୍ତ, ୧୯-୦୩-୨୦୨୩, ପ୍ର.ଅନଳାଇନ

ইন্স্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সেমিনার

‘অ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্স’-কে নীরব অতিমারিল সঙ্গে
তুলনা



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সেমিনারে ‘এন্টিবায়োটিক রেজিস্ট্যান্ট’কে নীরব অতিমারিং সঙ্গে তুলনা করা হয়েছে। সচেতনতা বাড়াতে আজ রবিবার বিকেলে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের মঞ্চের এলাহী মিলনায়তনে ফার্মেসি বিভাগ এন্টিবায়োটিক রেজিস্ট্যান্ট একটি নীরব ঘাতক- বৈশিক পরিপ্রেক্ষিতে বাংলাদেশের চিরা বিষয়ে সেমিনারটির আয়োজন করে।

সেমিনারে সভাপতিত্ব করেন ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের সচিব ড. ম. আনন্দায়ার হোস্পিট হাওলাদার।

বিশেষ অতিথি ছিলেন ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রান্স্ট বোর্ডের সদস্য ও রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালস লিমিটেডের চেয়ারম্যান মো. নাসের শাহরিয়ার জাহেদী। সেমিনারে আরো বক্তব্য রাখেন ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আনন্দয়ার হোসেন।

সেমিনারে উল্লেখ করা হয়, বিশ্ব স্বাস্থ্য সংস্থা সংক্রামক রোগের চিকিৎসায় ব্যবহৃত অ্যান্টিবায়োটিক ওষুধের বিরক্তকে রোগজীবাণুর প্রতিরোধী হয়ে ওঠাকে একটি "নীরব অতিমারি" হিসেবে সর্তকতা জারি করেছে। অ্যান্টিবায়োটিক অপব্যবহার বা অ্যান্টিবায়োটিক প্রতিরোধের বিষয়ে জ্ঞানের অভাবে বাংলাদেশের পরিস্থিতি আরো বেশি উদ্বেগজনক। ২০২১ সালে **ডিরেঞ্জেটে জেনারেল অফ হেলথ সার্ভিসেস** এর সমীক্ষা অনুযায়ী আমাদের দেশে প্রয়োজন ছাড়াই ৭০-৮০ ভাই ক্ষেত্রে উচ্চ মাত্রার অ্যান্টিবায়োটিক ব্যবহার করা হয়, যেখানে দ্বিতীয় মাত্রার অ্যান্টিবায়োটিক বা এমনকি অ্যান্টিবায়োটিক ছাড়াই চিকিৎসা যথেষ্ট ছিল।

আরেক সমীক্ষায় দেখা গেছে নিউমানিয়ায় হাসপাতালে ভর্তি হওয়া পাঁচ বছরের কম বয়সী শিশুদের মধ্যে প্রায় ১৮ ভাগ শিশু অ্যাস্টিবায়োটিক-প্রতিরোধী ব্যাকটেরিয়া স্ট্রেনে ভুগছিল। [কারবাপেনেম] যা প্রাণঘাতী পরিস্থিতিতে অ্যাস্টিবায়োটিক খেরাপি হিসাবে চূড়ান্ত অবলম্বন হিসেবে দেয়া হয়, বাংলাদেশে ৬০ ভাগ ক্ষেত্রে এটি অকার্যকর হয়ে পড়েছে। এই পরিস্থিতি মোকাবেলায় সবার মধ্যে সচেতনতা তৈরিতে গুরুত্ব দেন সেমিনারের আলোচকগণ।